# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৮২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

## আরবী

وَعَن سهل بن أبي حثْمَة قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا صَلَّى أَحَدُكُمْ إِلَى سُتْرَةٍ فَلْيَدْنُ مِنْهَا لَا يَقْطَعِ الشَّيْطَانُ عَلَيْهِ صَلَاتَهُ» . رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৭৮২-[১১] সাহল ইবনু আবূ হাসমাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ সুতরাহ্ (সুতরা) দাঁড় করিয়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলে সে যেন সুতরার কাছাকাছি দাঁড়ায়। তাহলে শায়ত্বন (শয়তান) তার সালাত (সালাত/নামায/নামাজ) নষ্ট করতে পারবে না। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৬৯৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: মহানাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্মুখে যখন সুতরাহ্ (সুতরা) রেখে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন তখন একেবারে সোজাসোজি নাক বরাবর রাখতেন না। তিনি ডানে বা বামে রাখতেন। তাই রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখন তোমরা কেউ সুতরার অন্তরালের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে তখন সুতরার কাছাকাছি দাঁড়াবে। ‘আল্লামা বাগাবী (রাঃ) বলেনঃ আহলে ‘ইলমদের নিকট সালাত আদায়কারী ও সুতরার মাঝে সাজদার স্থান পরিমাণ দূরত্ব রাখা মুস্তাহাব।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সম্মুখে সুতরাহ্ (সুতরা) রেখে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন তখন তা একেবারে সোজাসুজি নাক বরাবর রাখতেন না। মূর্তি পূজার সাথে সাদৃশ্য হতে বাঁচার জন্যে তিনি এরূপ করতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55341

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন